বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগ

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-৫

তারিখঃ ২১ আশ্বিন ১৪২২ / ০৬ অক্টোবর ২০১৫

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

বাংলাদেশের মানচিত্রে সদ্য অন্তর্ভুক্ত হওয়া অঞ্চলের এমএসএমই উদ্যোক্তাদের মাঝে
গ্রুপ ভিত্তিক এসএমই ঋণ বিতরণ প্রসঙ্গে।

অত্র বিভাগ কর্তৃক ০৬.০৯.২০১০ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-৫, ১৪.০৭.২০১৫ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-৪ (Master Circular on SME Financing)-এর অনুচ্ছেদ ৩.৫-৩.৬ এবং ০২.০৮.২০১৫ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বাংলাদেশ ও ভারতের মধ্যে সম্প্রতি সম্পাদিত স্থলসীমান্ত চুক্তির আলোকে ভারতের ১১১(একশত এগার)টি ছিটমহল বাংলাদেশে অন্তর্ভুক্ত হয়। বাংলাদেশে অন্তর্ভুক্ত হওয়া এ অঞ্চলের বাসিন্দাদের জাতীয় অর্থনীতির মূলধারায় সংযুক্ত করা ও তাঁদের সম্ভাবনাময় উদ্যোগসমূহ বিকশিত করার লক্ষ্যে বিদ্যমান এসএমই অর্থায়ন নীতিমালার আলোকে দেশে কার্যরত সব তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে বাংলাদেশের নাগরিকত্ব লাভকারী উদ্যোক্তাদের এসএমই অর্থায়নের আওতাভুক্ত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

৩। এ পর্যায়ে বাংলাদেশের মানচিত্রে সদ্য অন্তর্ভুক্ত হওয়া এ অঞ্চলের কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের (নারী-পুরুষ উদ্যোক্তা নির্বিশেষে) গ্রুপ ভিত্তিক এসএমই ঋণ বিতরণের আওতাভুক্ত করার জন্য দেশে কার্যরত সব তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদান করা হল। উল্লেখ্য, নারী-পুরুষ উদ্যোক্তা নির্বিশেষে আলোচ্য গ্রুপ ভিত্তিক এসএমই ঋণ বিতরণের বিধানটি কেবলমাত্র বাংলাদেশের মানচিত্রে সদ্য অন্তর্ভুক্ত হওয়া সাবেক ১১১টি ছিটমহলের বাসিন্দাদের মধ্য থেকে বাংলাদেশের নাগরিকত্ব লাভকারী উদ্যোক্তাদের জন্য প্রযোজ্য হবে।

৪। অত্র সার্কুলার লেটারে উল্লিখিত গ্রুপ ভিত্তিক এসএমই ঋণ বিতরণকালে গ্রুপ গঠন ও অন্যান্য ক্ষেত্রে ০৬.০৯.২০১০ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-৫ এবং ১৪.০৭.২০১৫ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-৪ (Master Circular on SME Financing)-এর অনুচ্ছেদ ৩.৫-৩.৬'এ উল্লিখিত বিধানাবলী অনুসৃত হবে।

এই নির্দেশ অবিলম্বে কার্যকর বলে গণ্য হবে।

আপনাদের বিশ্বস্ত,

(স্বপন কুমার রায়)
মহাব্যবস্থাপক
ফোন: ৯৫৩০৫০২